# KAPISTA SKUS LTD

# PM KISAN উৎসব দিবস উদযাপন প্রতিবেদন

**তারিখঃ ২০/০৬/২০২৬**




কাপিষ্টা এসকেইউএস লিমিটেডের উদ্যোগে ২০ জুন ২০২৬ তারিখ বিকেল ৪টায় PM KISAN উৎসব দিবস যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে উদযাপিত হয়।

উক্ত অনুষ্ঠানে মোট ৯৫ জন কৃষক অংশগ্রহণ করেন, যার মধ্যে ৯০ জন পুরুষ এবং ৫ জন মহিলা কৃষক ছিলেন। এছাড়াও সমিতির পরিচালন পর্ষদের সদস্যবৃন্দ, এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং কৃষি দপ্তরের আধিকারিক **শ্রী সুকুমার মণ্ডল মহাশয়** উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে কৃষকদের উদ্দেশ্যে PM KISAN প্রকল্পের তাৎপর্য, কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে এর ভূমিকা এবং সরকারের বিভিন্ন কৃষক কল্যাণমূলক কর্মসূচি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বিশেষ অতিথি শ্রী সুকুমার মণ্ডল মহাশয় তাঁর মূল্যবান বক্তব্যে উপস্থিত কৃষকদের PM KISAN প্রকল্পের সাম্প্রতিক অগ্রগতি, কৃষি ক্ষেত্রে সরকারি সহায়তা এবং কৃষকদের জন্য উপলব্ধ বিভিন্ন সুযোগ-সুবিধা সম্পর্কে অবহিত করেন।




অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমিতির ভাইস-চেয়ারম্যান **বক্কুল খান** এবং পরিচালন পর্ষদের সদস্যবৃন্দ **রকিবউদ্দিন মল্লিক, ফিস্তার আলি খান, জাকির মিদ্যা, জবাহির মল্লিক ও টিপু সুলতান মিদ্যা** প্রমুখ। সমিতির কর্মীদের মধ্যে **মোঃ নাসিরুল ইসলাম** ও **সাবানা পারভিন** সহ অন্যান্য কর্মচারীরা অনুষ্ঠান পরিচালনায় সক্রিয় ভূমিকা পালন করেন।

এছাড়াও কৃষক প্রতিনিধি হিসেবে **মোঃ বাবর আলি, হাজী আনিসুর মিদ্যা, নাসিম খান, জামালউদ্দিন, হাসিবুল ইসলাম, রকিবউদ্দিন** সহ বহু কৃষক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানের মাননীয় প্রধানমন্ত্রীর **PM KISAN** সম্পর্কিত বিশেষ কর্মসূচির **সরাসরি সম্প্রচার (Live Broadcast)** একযোগে প্রদর্শন ও শ্রবণ। প্রকল্প সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য সম্পর্কে অবগত হন।




অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন করতে **জামালুদ্দিন খান, মামুন, জায়েদ, আকিল, সুহান** সহ অন্যান্য সহযোগীরা গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করেন।


WhatsApp Image 2026-06-20 at 6.25.53 PM


WhatsApp Image 2026-06-20 at 6.07.29 PM


WhatsApp Image 2026-06-20 at 5.10.37 PM (1)


WhatsApp Image 2026-06-20 at 5.10.37 PM


WhatsApp Image 2026-06-20 at 5.10.36 PM


WhatsApp Image 2026-06-20 at 5.10.31 PM

অনুষ্ঠানের শেষে সমিতির সম্পাদক **আলি ইমাম খান** উপস্থিত সকল কৃষক, অতিথি, কৃষি দপ্তরের আধিকারিক, পরিচালন পর্ষদের সদস্যবৃন্দ এবং সহযোগীদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি ভবিষ্যতেও কৃষকদের স্বার্থে এ ধরনের সচেতনতামূলক ও তথ্যভিত্তিক কর্মসূচি আয়োজনের প্রত্যয় ব্যক্ত করেন।

**স্থান:** Kapista SKUS Ltd.
**তারিখ:** ২০ জুন ২০২৬
**সময়:** বিকেল ৪:০০টা থেকে